

খসড়া

বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৫.১৯.৩০৩.১৩-

তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ ১৪২৯
১৮ মে ২০২২

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্মচারী পদায়ন সংক্রান্ত অনুসরণীয় নির্দেশিকা-২০২২

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এ কর্মরত কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধি, অভিজ্ঞতা অর্জন এবং কর্মসম্পাদনে গতিশীলতা আনয়নসহ মানসম্মত জনসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নরূপ পদায়ন/বদলি সংক্রান্ত অনুসরণীয় নির্দেশিকা জারি করা হলো। কর্মচারীদের মাঠ ও কেন্দ্রীয় পর্যায়ে পদায়নের ক্ষেত্রে সাধারণভাবে এ নির্দেশিকা অনুসরণ করতে হবে।

০২। পদায়নের সাধারণ নির্দেশিকা:

- ২.১ মাঠ পর্যায়ের কোন কর্মচারীকে (৯ম গ্রেড ও তদুর্ধ্ব) তার স্ত্রী/স্বামীর নিজ জেলায় বদলি করা যাবে না। ৯ম গ্রেড ও তদুর্ধ্ব কর্মকর্তাকে মাঠ পর্যায়ে সমগ্র চাকুরিকালে নিজ জেলায় পদায়ন করা যাবে না;
- ২.২ সাধারণভাবে একই কর্মস্থলে কর্মরত কর্মচারীর চাকুরির মেয়াদ এক বা একাদিক্রমে ০৩ (তিন) বছরের অধিক হবে না। কর্মচারীর আবেদনের পরিপ্রেক্ষিতে বা মন্ত্রণালয়ের প্রয়োজন অনুসারে/জনস্বার্থে দুর্গম অথবা অপ্রতুল যোগাযোগ ব্যবস্থাসম্পন্ন এলাকার ক্ষেত্রে একই কর্মস্থলে কর্মরত কর্মচারীর চাকুরির মেয়াদ ০২ (দুই) বছর সন্তোষজনকভাবে পূর্ণ হলে কর্মচারীকে অন্যত্র বদলি করা যাবে;
- ২.৩ সদর দপ্তরের পরিচালক/যুগ্মপরিচালক/উপপরিচালক পদে পদায়নের জন্য মাঠ পর্যায়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে;
- ২.৪ মাঠ পর্যায়ের কর্মচারীর স্ত্রী/স্বামীর কর্মস্থলে বা যথাসম্ভব নিকটবর্তী কর্মস্থলে পদায়নের বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করতে হবে;
- ২.৫ কেবল চাকুরী স্থায়ী হবার পরে কোন কর্মচারীকে (৯ম গ্রেড ও তদুর্ধ্ব) বিবিএস এর সদর দপ্তরে পদায়ন করা যাবে।
- ২.৬ সাধারণভাবে সদর দপ্তরের একই উইং-এ কোন কর্মচারীর চাকুরির মেয়াদ ০৩ (তিন) বছরের অধিক হবে না।
- ২.৭ নবযোগদানকারী কর্মচারীকে (৯ম গ্রেড ও তদুর্ধ্ব) প্রশিক্ষণ গ্রহণের সুবিধার্থে প্রথম দুই বছর বিবিএস এর এফএ এ্যান্ড এমআইএস উইংয়ের সংযুক্ত/পদায়ন থাকতে হবে। এক্ষেত্রে সদর দপ্তরে নতুন যোগদানকৃত কর্মচারীকে প্রথমে এফএ এ্যান্ড এমআইএস উইং-এ পদায়ন করতে হবে।
- ২.৮ কোন কর্মচারীর নিজের অথবা স্ত্রী/স্বামী/সন্তানের দুরারোগ্য ব্যাধির সুষ্ঠু চিকিৎসার স্বার্থে মেডিক্যাল বোর্ডের সুপারিশ/যথাযোগ্য সার্টিফিকেটের পরিপ্রেক্ষিতে নির্ধারিত মেয়াদের পূর্বে কর্তৃপক্ষ কর্তৃক নতুন কর্মস্থলে পদায়ন করতে পারবে;
- ২.৯ কোন কর্মচারীর চাকুরি স্থায়ী না হলে এবং চাকুরিকাল ন্যূনতম ০৩ (তিন) বছর না হলে এবং প্রকল্প সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন না হলে কোন প্রকল্পে পদায়ন করা যাবে না;

- ২.১০ সাধারণভাবে পদোন্নতি/বিশেষ ক্ষেত্র ব্যতীত অবসর-উত্তর ছুটি (পিআরএল) গমনের সময় ১ (এক) বছর বা কম হলে কর্মচারীকে অন্যত্র বদলি করা যাবে না। তবে, কর্মচারী বদলির আবেদন করলে অবসর-উত্তর ছুটি (পিআরএল)-এর আদেশ জারির পূর্বে আবেদন অনুযায়ী যথাসম্ভব নিকটবর্তী কর্মস্থলে বদলি করা যাবে;
- ২.১১ মেডিক্যাল বোর্ড কর্তৃক প্রত্যায়িত বিশেষ চাহিদা সম্পন্ন (শারীরিকভাবে অক্ষম) কর্মচারীর বদলির ক্ষেত্রে বদলির শর্তাবলি যথাসম্ভব শিথিল করা যাবে;
- ২.১২ বদলির বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে গণ্য হবে;

-০২-

- ২.১৩ জেলা ও উপজেলায় পদায়ন/বদলির ক্ষেত্রে দেশের জেলাসমূহকে অবকাঠামোগত অবস্থা, শিক্ষা ব্যবস্থা ও চিকিৎসা সংক্রান্ত সুবিধাদি, রাজধানী/বিভাগ/জেলা শহর হতে দূরত্ব ইত্যাদি বিবেচনায় তিনটি শ্রেণিতে (ক,খ,গ) এবং উপজেলাসমূহকে চারটি শ্রেণিতে (ক,খ,গ, এবং ঘ) বিন্যস্ত করা হলো (পরিশিষ্ট-ক এবং খ)। কোন কর্মচারীকে জেলা/উপজেলাতে পদায়নের ক্ষেত্রে যথাসম্ভব ভারসাম্য/ন্যায়বিচার নিশ্চিত করতে হবে।
- ২.১৪ যৌক্তিক কারণ ব্যতীত নির্ধারিত তারিখের মধ্যে কোন কর্মচারী তার বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তা অসদাচরণ হিসেবে গণ্য হবে।

০৩। **শিক্ষানবিশকাল:**

- ৩.১ প্রথম চাকুরিতে যোগদানকারী শিক্ষানবিশ কর্মচারীকে বিশেষ ক্ষেত্র ব্যতীত নিজ জেলায় পদায়ন করা যাবে না। তবে নিজ বিভাগে বদলীর ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যাবে;
- ৩.২ চাকুরী স্থায়ী না হওয়া পর্যন্ত কর্মচারীকে বা নির্ধারিত শিক্ষানবিশকাল (ন্যূনতম ০২ বছর চাকুরিকাল) অতিক্রান্ত না হওয়া পর্যন্ত অন্যত্র বদলি করা যাবে না। তবে, বিশেষ প্রশাসনিক ক্ষেত্রে, কর্মচারীকে অন্যত্র বদলি করা যাবে।

০৪। **উচ্চ শিক্ষা:**

- ৪.১ কোন কর্মচারীকে চাকুরি স্থায়ী না হওয়া পর্যন্ত উচ্চ শিক্ষার অনুমতি দেয়া হবে না। তবে বিশেষ বিবেচনায় কোন কর্মচারী-কে বিদেশে উচ্চশিক্ষা গ্রহণের ক্ষেত্রে ন্যূনতম চাকুরিকালের শর্ত শিথিল করা যাবে। এক্ষেত্রে দেশে ফিরে কমপক্ষে ৩ (তিন) বছর কাজ করার অঙ্গিকার গ্রহণ করতে হবে।

০৫। **লিয়েন:**

লিয়েনে গমনের ক্ষেত্রে সরকার কর্তৃক প্রবর্তিত বিধি-বিধান অনুসৃত হবে এবং এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে গণ্য হবে।

- ০৬। জনস্বার্থে জারিকৃত এ নির্দেশিকা অবিলম্বে কার্যকর হবে।

ড. শাহনাজ আরেফিন, এনডিসি
সচিব

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

